



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

BANGLADESH INLAND WATER TRANSPORT AUTHORITY

Website: www.biwta.gov.bd

Facebook Page: www.facebook.com/biwta1958

বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, পোস্ট বক্স নং-৭৬, ঢাকা-১০০০, বাংলাদেশ।
BIWTA BHABAN, 141-143, MOTIJHEEL C/A, POST BOX 76, DHAKA-1000, BANGLADESH

Fax No : 0223350833
Grams : AUTHORITY
Phones : 0223350263
0223350266

বিজ্ঞপ্তি

বানৌপ-কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-৪ শাখা কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.০০০.১৭৩.০৮.০২০.২৫.৪৪; তারিখ : ১৪/০৫/২০২৬ মোতাবেক আসন্ন পবিত্র ঈদ-উল-আয্হা, ২০২৬ উপলক্ষ্যে আগামী ২৩ মে, ২০২৬ শনিবার ও ২৪ মে, ২০২৬ রবিবার সকল অফিস/দপ্তর খোলা থাকবে এবং আগামী ২৫ মে, ২০২৬ সোমবার হতে ৩১ মে, ২০২৬ রবিবার পর্যন্ত সকল অফিস/দপ্তর বন্ধ থাকবে।

০২। উল্লেখ্য যে, ঈদুল-আয্হা ২০২৬ উপলক্ষ্যে জরুরী পরিষেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীগণ এবং নদী বন্দর কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট বিভাগ সমূহের কর্মকর্তা/কর্মচারীগণ এ ঘোষিত ছুটির আওতা বহির্ভূত থাকবে। আসন্ন পবিত্র ঈদে ঘরমুখো যাত্রীসাধারণের নৌপথে নিরাপদ, আরামদায়ক ও নির্বিঘ্ন চলাচল নিশ্চিত করার লক্ষ্যে বিআইডব্লিউটিএ-কে টার্মিনাল/পল্টন, জেটি/গ্যাংগয়ে, যাত্রী ছাউনি, টয়লেট ইত্যাদি সার্বক্ষণিক সচল রাখতে হয়; হাইড্রোগ্রাফিক সার্ভে ও ড্রেজিং এর মাধ্যমে নৌপথ সচল রাখতে হয়; উদ্ধারকারী নৌযান জনবলসহ প্রস্তুত রাখতে হয়; ঈদের সময় অত্যধিক যাত্রী ভীড় দক্ষতার সাথে মোকাবিলা করতে হয়। এসব কাজে নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা, বন্দর ও পরিবহন, নৌ-সংরক্ষণ ও পরিচালন, প্রকৌশল, হাইড্রোগ্রাফি এবং ড্রেজিং বিভাগ ইত্যাদি অপারেশনাল বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণ দিবারাত্রী সেবাদানে নিয়োজিত থাকেন। আসন্ন ঈদে সেবাদানের এই মহৎ কাজের উদ্দেশ্যে এসব বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণের ঈদের ছুটি পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নির্দেশক্রমে স্থগিত করা হলো। তবে একান্ত প্রয়োজনে সংশ্লিষ্ট বিভাগীয়/নিয়ন্ত্রণ কর্মকর্তার মাধ্যমে সংশ্লিষ্ট সদস্যগণকে অবহিত করে ছুটি নেয়া যেতে পারে।

স্বাঃ/-

(মোঃ আব্দুর রাজ্জাক)
উপ-পরিচালক (প্রশাসন)
বিআইডব্লিউটিএ, ঢাকা।
তারিখঃ- ২১/০৫/২০২৬ খ্রিঃ

নথি নং-১৮.১১.০০০০.০৩৩.৩৪.০০৪.১৮/৭৬২

বিতরণ :

- ০১। সকল বিভাগীয় প্রধান....., বিআইডব্লিউটিএ, ঢাকা/নারায়ণগঞ্জ/বরিশাল/মাদারীপুর।
- ০২। সকল আঞ্চলিক অফিস/দপ্তর..... বিআইডব্লিউটিএ.....

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ০১। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (বিজ্ঞপ্তি কর্তৃপক্ষের ওয়েব সাইটে প্রকাশ এর ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ০২। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৩। সদস্য (অর্থ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বানৌপক, ঢাকা।
- ০৪। সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বানৌপক, ঢাকা।
- ০৫। সদস্য (প্রকৌশল) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বানৌপক, ঢাকা।
- ০৬। দপ্তর কপি।

উপ-পরিচালক (প্রশাসন)
বিআইডব্লিউটিএ, ঢাকা।